

নির্বাহী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।			
ডায়েরী নং- ১৬০	তারিখঃ- ২৪/১/২০	গ্রহণকারীঃ	
অঃ সঃ	সঃ প্রঃ	উঃ বিঃ প্রঃ	নিঃ প্রঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd

সংস্থাপন শাখা-১

নম্বরঃ ২৫.৩৬.০০০০.২১১.২২.১০৭.২০- ১২৫

তারিখঃ ১৪ মাঘ ১৪২৬
২৫ জানুয়ারি ২০২০

অফিস আদেশ

অত্র অধিদপ্তরের ০৪/১২/২০১১ তারিখের সশা-১/২ই-২/২০০৭/১৬০ এবং ১২/০৪/২০১৫ তারিখের ২৫.৩৬.০০০০.২১১.১৮.১০২.১২-৭৩৩ নম্বর আদেশের মাধ্যমে গণপূর্ত অধিদপ্তরের বিভিন্ন স্তরের কর্মকর্তাগণকে কর্মস্থল ত্যাগের বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়েছিল।

- তত্ত্বাবধায়ক প্রকৌশলী এবং অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণকে নিজ নিজ কর্মস্থল ত্যাগের পূর্বে অবশ্যই প্রধান প্রকৌশলীর অনুমতি গ্রহণ করতে হবে;
- নির্বাহী প্রকৌশলীগণকে কর্মস্থল ত্যাগের পূর্বে অবশ্যই সংশ্লিষ্ট অতিরিক্ত প্রধান প্রকৌশলীর অনুমতি গ্রহণ করতে হবে;
- উপ-বিভাগীয় প্রকৌশলী, সহকারী প্রকৌশলী এবং উপ-সহকারী প্রকৌশলীগণকে সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলীর পূর্বানুমতি গ্রহণ করতে হবে।
- এ আদেশের ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, উপরোক্ত সুস্পষ্ট নির্দেশনা থাকা সত্ত্বেও প্রয়োজনের সময় অনেক কর্মকর্তাকে কর্মস্থলে পাওয়া যায়না এবং উর্ধ্বতন কর্মকর্তাও তাঁর অনুপস্থিতির বিষয়ে সঠিক তথ্য দিতে পারেন না, যা সরকারি কর্মচারী শৃঙ্খলা ও আচরণ বিধির পরিপন্থি।

কোন কর্মকর্তা উপরোল্লিখিত নির্দেশনা প্রতিপালন ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকলে তাঁর এবং নিয়ন্ত্রণকারী কর্মকর্তা উভয়ের বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। উল্লেখ্য যে, অত্র দপ্তরের ০৭/০১/২০২০খ্রিঃ তারিখের ২৫.৩৬.০০০০.২১৫.০৬.১০১.১৯-৫৮ নম্বর অফিস আদেশের মাধ্যমে গঠিত অনুসন্ধান ও মূল্যায়ন কমিটি এ বিষয়ে প্রধান প্রকৌশলীর দপ্তরে প্রতিবেদন দাখিল করবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ আশরাফুল আলম)
প্রধান প্রকৌশলী

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
ce@pwd.gov.bd

১৪ মাঘ ১৪২৬

তারিখঃ ১৪ মাঘ ১৪২৬
২৫ জানুয়ারি ২০২০

স্মারক নম্বরঃ ২৫.৩৬.০০০০.২১১.২২.১০৭.২০- ১২৫ (১৫০)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)/(পওবিপ)/(স্বাস্থ্য উইং)/(ই/এম), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, ঢাকা/ ঢাকা মেট্রোপলিটন/ ময়মনসিংহ/ গোপালগঞ্জ/ চট্টগ্রাম/ খুলনা/ বরিশাল/ রাজশাহী/ সিলেট/ রংপুর।
- ৪। জনাব মোঃ কায়কোবাদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত ই/এম প্ল্যানিং সার্কেল, ঢাকা ও আহবায়ক, অনুসন্ধান ও মূল্যায়ন কমিটি, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন)/(সমন্বয়)/(পিপিপি), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল- ,
- ৭। পরিচালক/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পি.ডব্লিউ.ডি ট্রেনিং একাডেমী এন্ড টেস্টিং ল্যাবরেটরী, এলেনবাড়ী, ঢাকা।
- ৮। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ইহা মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। নির্বাহী প্রকৌশলী, (তদন্ত কোষ)/(ওএসএম)/(পিপিপি) গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১০। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ- ,
- ১১। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, ঢাকা। পত্রটি গণপূর্ত অধিদপ্তর এর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক,
- ১৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,
- ১৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

(নন্দিতা রাণী সাহা)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা

ফোনঃ ৯৫৬০৯৯৯

se.est@pwd.gov.bd